১৫২

তারিখ MAR. 1 1999
পৃঃ ৩ কলাম ৫

দৈনিক ইনকিলাব

### হাসিব-তুষার-পিটার ছাত্রদলের প্রার্থী

# আজ ইউকসু নির্বাচনে মনোনয়নপত্র দাখিল ঃ প্রতিদ্বন্দ্বী চার প্যানেল

**বুয়েট রিপোর্টার ঃ** আগামী ১০ মার্চ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) ও ৭টি হল সংসদের নির্বাচন। জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ৪টি প্যানেল নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। আজ (সোমবার) মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে সব প্যানেলের প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেবেন। আজই বৈধ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে। আগামী বুধবার মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। সেদিনই যোগ্য প্রার্থীদের নামের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ পরিচালক প্রফেসর শামীমুজ্জামান বসুনিয়া নির্বাচনী কার্যক্রম পরিচালনা করছেন। নির্বাচনকে কেন্দ্র করে বুয়েট ক্যাম্পাস ও হলগুলো নির্বাচনী আমেজে মুখরিত হয়ে উঠেছে। এদিকে, ইউকসু'র ৭টি ও হল সংসদের ১১টি পদের জন্য ছাত্র সংগঠনগুলো দলের প্রার্থী মনোনয়ন চূড়ান্ত করেছে। এ জন্য ভোটের আগে আরেক দফা ভোট হয়ে গেছে। প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে ছাত্রদল ও ছাত্রলীগ তাদের প্যানেল নির্ধারণ করেছে। ছাত্রদল হাসিব-তুষার-পিটার প্যানেল ঘোষণা করেছে। ছাত্রলীগের প্যানেল গতকাল (রবিবার মধ্যরাতে নির্বাচনের মাধ্যমে চূড়ান্ত হবার কথা। প্যানেলটি সম্ভবত শেফিন-আদনান-কাজল পরিষদ হতে পারে। তবে ছাত্রলীগের ভিপি মনোনয়ন পাবার জন্য মাসুম ইকবাল এবং জিএস পদে অসীম প্রার্থী হয়েছেন। ছাত্র ইউনিয়নের হিলটন-সৌমেন প্যানেল এবং ছাত্রফ্রন্ট আকাশ-পলাশ প্যানেল নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করবে। ছাত্র শিবির এই নির্বাচনে অংশ নিচ্ছে না। দুই বছর আগে অনুষ্ঠিত ইউকসু নির্বাচনে ছাত্রদল কেন্দ্রীয় সংসদে পূর্ণ প্যানেলে এবং প্রায় সব ক'টি হল সংসদে সংখ্যাগরিষ্ঠ পদে জয়ী হয়েছিল।

আসন্ন নির্বাচনকে সামনে রেখে বুয়েটের ছাত্র সংগঠনগুলো বিভিন্ন পদে তাদের প্রার্থী নির্বাচন চূড়ান্ত করেছে। সুন্দর পরিবেশে কাউন্সিলের মাধ্যমে কাউন্সিলরদের প্রত্যক্ষ ভোটের মধ্য দিয়ে ছাত্র সংগঠনগুলো বিভিন্ন পদে দলীয় প্রার্থী মনোনীত করে। দেশের চলমান ছাত্র রাজনীতিতে এটি বুয়েটের একটি ব্যতিক্রমী দৃষ্টান্ত। গ্রুপিং-লবিং নয়। নিজ নিজ দলের কাউন্সিলরদের ভোটের মাধ্যমেই প্রার্থীরা নির্বাচনে অংশগ্রহণের সুযোগ লাভ করে। অপরদিকে শুধুমাত্র রাজনৈতিক দক্ষতা ও বিচক্ষণতা নয়, মেধা ও যোগ্যতার বলেই এখানে নির্বাচিত হওয়া সম্ভব।

গত শনিবার গভীর রাতে জাতীয়তাবাদী ছাত্রদল তাদের ৭ সদস্যবিশিষ্ট কেন্দ্রীয় নির্বাচনী প্যানেল ঘোষণা করেছে। দলীয় কাউন্সিলরদের স্বতঃস্ফূর্ত ভোটদানের মধ্য দিয়ে এই প্যানেল মনোনীত হয়েছে। কেমিকৌশল বিভাগের হাসিব সাঈদ আহমেদ চৌধুরী ভিপি, পুরকৌশল বিভাগের মঞ্জুরুল আলম তুষার জিএস এবং ধাতব কৌশল বিভাগের মোজাম্মেল হক পিটার এজিএস পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য ছাত্রদলের প্রার্থী হিসেবে মনোনয়ন লাভ করেছেন। প্যানেল মনোনয়ন অনুষ্ঠানে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি হাবীব-উন-নবী সোহেল, সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর এলাহী ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বজলুল বাসিত আনজু উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দ নির্বাচনের মধ্য দিয়ে প্যানেল মনোনয়নকে সারাদেশের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত বলে উল্লেখ করেন। হাবীব-উন-নবী সোহেল বলেন, গতবারের মত এবারও ছাত্রদল মনোনীত প্রার্থীদের 'পূর্ণ প্যানেলে বিজয়ী করে বুয়েটের পবিত্র অঙ্গন থেকে স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতনের ঘন্টাধ্বনি বাজাতে হবে।

গতকাল (সোমবার) গভীর রাতে ছাত্রলীগের কাউন্সিল শুরু হয়েছে। ভিপি পদে আনোয়ার [illegible] শেফিন ও মাসুম ইকবাল এবং জিএস পদে অসীম কুমার, দীপক কর ও [illegible] মনোনয়ন পাবার জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন।